

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫০৬

১/ বিবিধ

আরবী

من لم يرض بقضاء الله، ويؤمن بقدر الله، فليتمس إليها غير الله  
ضعيف جداً

أخرجه الطبراني في " الصغير " (ص 187) وكذا في " الأوسط " ومن طريقه أبو نعيم  
في " أخبار أصبهان " (2 / 228) والخطيب في " تاريخ بغداد " (2 / 227) من طريق  
سهيل بن عبد الله عن خالد الحذاء عن أبي قلابة عن أنس بن مالك مرفوعاً. وقال  
الطبراني: " لم يروه عن خالد إلا سهل ". قلت: ويقال فيه: سهيل بن أبي حزم، وهو  
ضعيف عند الجمهور، وقال ابن حبان (1 / 349): " ينفرد عن الثقات بما لا يشبه  
حديث الأثبات ". وللحديث طريق أخرى تقدم قبله، وثالث لعله يأتي إن شاء الله

বাংলা

৫০৬। যে ব্যক্তি আল্লাহর ফয়সালায় সন্তুষ্ট হবে না এবং আল্লাহর কুদরতের উপর ঈমান আনবে না, সে যেন  
আল্লাহকে বাদ দিয়ে অন্য কোন মা'বুদকে তালাশ করে।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী "আল-মুজামুস সাগীর" (পৃঃ ১৮৭) গ্রন্থে, অনুরূপভাবে "আল-মুজামুল আওসাত" গ্রন্থে, আর তার  
সূত্রে আবু নোয়াঈম "আখবারু আসবাহান" (২/২২৮) গ্রন্থে এবং আল-খাতীব "তরীখু বাগদাদ" (২/২২৭) গ্রন্থে  
সুহায়েল ইবনু আদিল্লাহ সূত্রে. আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন।

তাবারানী বলেনঃ খালিদ হতে সুহায়েল ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি।

আমি (আলবানী) বলছিঃ তাকে বলা হয় সুহায়েল ইবনু আবী হাযম। তিনি জামহুর ওলামার নিকট দুর্বল। ইবনু হিব্বান (১/৩৪৯) বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে এককভাবে এমন হাদীছ বর্ণনা করতেন যা নির্ভরশীলদের হাদীছের সাথে সাদৃশ্যপূর্ণ ছিল না।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71385>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন